

💵 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৪৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৪৮]

পর্ব-১৩: সাহূ (ভুল) (كِتَاب السَّهْو)

পরিচ্ছেদঃ ৯০: সালাতের পর (বিতাড়িত শয়তান থেকে) পানাহ চাওয়া

باب التعوذ في دبر الصلاة

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عَلِيٍّ، قَالَ: حَدَّثَنَا يَحْيَى، عَنْ عُثْمَانَ الشَّحَّامِ، عَنْ مُسْلِمِ بْنِ أَبِي بَكْرَةَ، قَالَ: كَانَ أَبِي يَقُولُ فِي دُبُرِ الصَّلَاةِ: اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْكُفْرِ وَالْفَقْرِ، وَعَذَابِ الْقَبْرِ، فَكُنْتُ أَقُولُهُنَّ، فَقَالَ أَبِي: أَيْ بُنَيَّ، عَمَّنْ أَخَذْتَ هَذَا، قُلْتُ: عَنْكَ، قَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَقُولُهُنَّ فِي دُبُرِ الصَّلَاةِ.

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ١١٧٠٦)، مسند احمد ٥/٣٦، ٢٩ ويأتي عند المؤلف في الاستعاذة برقم٥٣٦٧ (صحيح الإسناد)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1348 _ صحيح الإسناد

বাংলা

১৩৪৭. 'আমর ইবনু 'আলী (রহ.) মুসলিম ইবনু আবূ বকরাহ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমার পিতা প্রত্যেক সালাতের পর বলতেন-

"আল্ল-হুম্মা ইন্নী আ'উযুবিকা মিনাল কুফরি, ওয়াল ফাকরি ওয়া 'আযা-বিল কবর" (হে আল্লাহ! আমি আপনার নিকট কুফরী, দরিদ্রতা ও কবরের আযাব হতে আশ্রয় চাচ্ছি।)।

তারপর আমিও তা বলতে থাকলে আমার পিতা আমাকে বললেন, হে বৎস! তুমি এ দু'আ গুলো কার নিকট হতে শিখেছো? আমি বললাম, আপনার নিকট থেকে। তারপর তিনি বললেন, রাসূলুল্লাহ (সা.) (প্রত্যেক) সালাতের পর এ দু'আ গুলো বলতেন।

English



90. Seeking Refuge With Allah Following Every Prayer

It was narrated that Muslim bin Abi Bakrah said: My father used to say following every prayer: 'Allahumma inni a-udhu bika min al-kufri wal-faqri wa 'adhab al-qabr. (O Allah, I seek refuge with You from Kufr, poverty, and the torment of the grave)' and I used to say them (these words). My father said: 'O my son, from whom did you learn this?' I said: 'From you. He said: The Messenger of Allah () used to say them following the prayer.'

ফুটনোট

সহীহ: মুসনাদে আহমাদ ২০৪৬৫, সহীহ ইবনু খুযায়মাহ ৭৪৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মুসলিম ইবনু আবূ বাকরাহ (রহ,)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন